

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্কিলস এ্যান্ড ট্রেনিং এনহ্যান্সমেন্ট প্রজেক্ট  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪/বি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং-এসটিইপি/ প্রশা (১)/৫০.১৩ (আইএসসি)/২০১৮-২০৪৭

তারিখঃ ০৪ মার্চ ২০১৯

বিষয়: “আন্তর্জাতিক স্কিলস কনফারেন্স ২০১৯” এর টেকনিক্যাল সেশন-৫ (১০ মার্চ ২০১৯ দুপুর ০২:০০-দুপুর ০৪:০০ টা)  
এ অংশগ্রহণ প্রসঙ্গে


উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বৈশ্বিক প্রেক্ষাপটে দেশের কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার গুণগত মানোন্নয়ন ও সম্প্রসারণের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আয়োজনে আগামী ৯-১০ মার্চ ২০১৯ তারিখে ঢাকার প্যান প্যাসিফিক সোনারগাঁ হোটলে ‘Skills for the 21<sup>st</sup> Century: Unlocking the Skills Potential of the Developing World’ শীর্ষক একটি আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত হবে।

২। সম্মেলনে চীন, সিঙ্গাপুর, জার্মানি, কোরিয়া, ইন্ডিয়াসহ বিভিন্ন দেশ হতে প্রায় ৪০ জন কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা বিষয়ক বিশেষজ্ঞ ব্যক্তিবর্গ এবং দেশের উচ্চ পর্যায়ের সরকারি কর্মকর্তা, শিক্ষাবিদ, অধ্যক্ষ, শিল্প কারখানার মালিক ও সাংবাদিকবৃন্দ উপস্থিত থাকবেন। দুই দিন ব্যাপী উক্ত সম্মেলনে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা বিষয়ক ৫টি টেকনিক্যাল সেশন অনুষ্ঠিত হবে।

৩। এ অবস্থায় আগামী ১০ মার্চ ২০১৯ দুপুর ০২:০০-দুপুর ০৪:০০ ঘটিকায় অনুষ্ঠিতব্য টেকনিক্যাল সেশন-৫ এ আপনার উপস্থিতি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, একই দিন দুপুর ০১:০০-০২:০০ ঘটিকায় অংশগ্রহণকারীদের জন্য মধ্যাহ্ন ভোজের ব্যবস্থা রয়েছে।

৪। জনস্বার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) এই পত্র জারি করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে

  
(মনজুরুল কাদের)  
পরিচালক (প্রশাসন)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
ফোনঃ ৯১১০৮১৩

প্রাপক :

১. অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান----- নির্বাচিত সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট (৪৯টি)
২. অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, তেজগাঁও, ঢাকা
৩. অধ্যক্ষ, ভোকেশনাল এন্ড টেকনিক্যাল ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া
৪. অধ্যক্ষ, ----- টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, (৬৪টি)
৫. অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান- বেসরকারি পলিটেকনিক ইনস্টিটিউট (১৫টি)
৬. অধ্যক্ষ, ----- নির্বাচিত সরকারি সংক্ষিপ্ত প্রশিক্ষণ কেন্দ্র (২৩টি)
৭. অধ্যক্ষ, ----- নির্বাচিত বেসরকারি সংক্ষিপ্ত প্রশিক্ষণ কেন্দ্র (০৭টি)

অনুলিপি- সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩. মহাপরিচালক, বিএমইটি, (সংশ্লিষ্ট অধ্যক্ষগণকে উক্ত অনুষ্ঠানে উপস্থিতির ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ)।
৪. প্রকল্প পরিচালক, স্কিলস এন্ড ট্রেনিং এনহ্যান্সমেন্ট প্রজেক্ট, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. জনাব মো: মোখলেছুর রহমান, সিনিয়র অপারেশন্স অফিসার, বিশ্ব ব্যাংক, ঢাকা।
৭. অফিস কপি/মাস্টার কপি।